

শিক্ষকদের ওপর হামলার প্রতিবাদে ছাত্রদের মানববন্ধন

কলাপাড়া প্রতিনিধি

২৯ আগস্ট ২০১৯ ০০:০০ | আপডেট: ২৯ আগস্ট ২০১৯ ০০:৩৪



আমাদের সময়

পটুয়াখালীর কলাপাড়ায় স্কুল চলাকালীন দুই শিক্ষকের ওপর হামলাকারী দুর্বৃত্তদের গ্রেপ্তারের দাবিতে মানববন্ধন করেছে দুটি বিদ্যালয়ের শতাধিক শিক্ষার্থী। গতকাল বুধবার দুপুর ১২টায় বাদুরতলী-২ ও ইটবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে পৃথক এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

গত সোমবার দুপুরে জমি সংক্রান্ত বিরোধকে কেন্দ্র করে বাদুরতলী-২ সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে ডেকে নিয়ে শিক্ষক মো. মোশাররফ হোসেনকে মারধর করে দুলাল হাওলাদারের নেতৃত্বে একদল দুর্বৃত্ত। এ সময় ওই শিক্ষককে বাঁচাতে এসে হামলার শিকার হন কলাপাড়া প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মো. মাহমুদ আলম পলাশ। আহত শিক্ষকদের কলাপাড়া হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ঘটনায় ওই দিনই আহত বাদুরতলী-২ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মোশাররফ হোসেন কলাপাড়া থানায় অভিযোগ দাখিল করেন।